# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬২৭

১৯/ শিক্ষা-বিদ্যা, (জ্ঞান-বিজ্ঞান) (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৪২৭. কিসসা বর্ণনা প্রসংগে।

باب فِي الْقَصَصِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عُبَيْدَةَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " اقْرَأْ عَلَىَّ سُورَةَ النِّسَاءِ " . قَالَ قُلْتُ أَقْرَأُ عَلَيْكَ وَعَلَيْكَ أُنْزِلَ قَالَ " إِنِّي أُحِبُّ أَنْ أَسْمَعَهُ مِنْ غَيْرِي " . قَالَ فَقَرَأْتُ عَلَيْهِ حَتَّى إِذَا انْتَهَيْتُ إِلَى قَوْلِهِ ( فَكَيْفَ إِذَا جِئْنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ ) الآيَةَ فَرَفَعْتُ رَأْسِي فَإِذَا عَيْنَاهُ تَهْمِلاَنِ .

বাংলা

৩৬২৭. উছমান ইবন আবী শায়বা (রহঃ) ..... আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেনঃ তুমি আমার সামনে সূরা নিসা তিলাওয়াত কর। তখন আমি বলিঃ আমি তিলাওয়াত করব, অথচ এতো আপনার উপর নাযিল হয়েছে! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি অন্যের নিকট হতে তা শুনতে পসন্দ করি। এরপর তিলাওয়াত করতে করতে আমি যখন এ আয়াতে পৌছিঃ সে সময়ের অবস্থা কিরূপ হবে, যখন আমি প্রত্যেক উম্মতের জন্য একজন সাক্ষী পেশ করবো ..... আয়াতের শেষ পর্যন্ত। এরপর আমি মাথা উঁচু করে দেখতে পাই যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দুটি চোখ হতে অশ্রু ঝরে পড়ছে।

## English

`Abd Allah (b. Mas`ud) said:
The Messenger of Allah (ﷺ) said to me: recite Surat al-Nisa’. I asked: Shall I recite to you what was sent down to you? He replied: I like to here it from someone else. So I recited (it) until I reached this verse “How then shall it be when We bring from every people a witness?”. Then I raised my head and saw tears falling from his eyes.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35734

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন